

মেয়র আনিসুল হকের অনুষ্ঠান নিয়ে আব্দুন নূর তুষার

✍ বিনোদন প্রতিবেদক

🕒 প্রকাশিত: ১২:৩৫ পিএম, ৩১ অক্টোবর ২০১৮



১৯৯৬ সালের জাতীয় সংসদ নির্বাচনের আগে বিটিভিতে প্রচারিত হয়েছিল ‘সবিনয়ে জানতে চাই’। প্রয়াত মেয়র আনিসুল হকের উপস্থাপনায় রাজনৈতিক দলগুলোর শীর্ষস্থানীয় নেতৃবর্গের অংশগ্রহণে সেই সময়ে অনুষ্ঠানটি ব্যাপক জনপ্রিয়তা পেয়েছিল। ওই সময় এ অনুষ্ঠানের প্রধান সমন্বয়ক হিসেবে কাজ করেছিলেন ডা. আব্দুন নূর তুষার।

এবার নাগরিক টিভিতে ‘সবিনয়ে জানতে চাই’ নিয়ে আসছেন ডা. আব্দুন নূর তুষার। আগামী ১ নভেম্বর রাত ১১টায় অনুষ্ঠানটি প্রচার হবে। প্রতি বৃহস্পতিবার রাত এগারটায় এ অনুষ্ঠানটি প্রচারিত হবে বলে জানা গেছে।

‘সবিনয়ে জানতে চাই’ অনুষ্ঠানে একাদশ সংসদ নির্বাচন- ২০১৮ এর নির্বাচনী আসন, প্রার্থী ও জনগণের উপর নির্বাচনী প্রভাব, সাফল্য ও ব্যর্থতা নিয়ে আলোচনা করা হবে। অনুষ্ঠানে অংশ নেবেন মন্ত্রী, রাজনীতিবিদ, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিরা।

এ অনুষ্ঠানে আব্দুন নূর তুষার অতিথিদের কাছে জবাবদিহিতামূলক একাধিক প্রশ্ন করবেন এবং তারা এসব প্রশ্নের উত্তর দিবেন। প্রতি অনুষ্ঠানে দুজন প্রতিশযশা সাংবাদিক, সমাজকর্মী অতিথিকে প্রশ্ন করবেন। আরো প্রশ্ন করবেন দর্শকরা।

ডা. আব্দুন নূর তুষার বর্তমানে নাগরিক টিভির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে যুক্ত। তিনি একজন চিকিৎসক হলেও সেই কৈশোর থেকেই জাতীয় স্কুল বিতর্ক প্রতিযোগিতা দিয়ে তিনি গণমাধ্যমের সঙ্গে সম্পৃক্ত হতে থাকেন।

সময়ের পরিক্রমায় জনপ্রিয় ম্যাগাজিন অনুষ্ঠান ‘শুভেচ্ছা’ দিয়ে তারকাখ্যাতি অর্জন করেন। এছাড়া পরবর্তী সময়ে স্যাটেলাইট টিভির ক্রমবিকাশে অনেকগুলো চ্যানেলেই সঞ্চালক ও পরামর্শকের ভূমিকায় ছিলেন তিনি। এছাড়াও তিনি জিনিয়াস বাংলাদেশ, রোড টু ডেমোক্রেসি, জয়তু অনুষ্ঠানের সঞ্চালনা করেছেন এবং অনুষ্ঠানগুলো জনপ্রিয়তা পেয়েছিল।

তার পরিচালিত ও উপস্থাপিত অনুষ্ঠান বিটিভিসহ দেশের বিভিন্ন স্যাটেলাইট চ্যানেলে প্রচারিত হয়েছে। সেগুলো ছিল জনপ্রিয়তায় শীর্ষে। অনুষ্ঠানগুলোর মধ্যে রাজনৈতিক টকশো, বিতর্ক প্রতিযোগিতা, কুইজ শো, স্পোর্টস শো, ম্যাগাজিন অনুষ্ঠান এবং গেইম শো অন্যতম।

জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

তিনি একজন সামাজিক সংগঠকও। দেশব্যাপি বিতর্ক চর্চার প্রসারে ১৯৯১ সালে ছাত্রাবস্থায় বন্ধুদের সঙ্গে বাংলাদেশ ডিবেট ফেডারেশন প্রতিষ্ঠা করেন। সংগঠনটি দেশের সবচাইতে পুরোনো ও সক্রিয় বিতর্ক সংগঠন। এছাড়াও বিশ্বসাহিত্যকেন্দ্র এবং বাংলাদেশ সোসাইটি অব হাইপারটেনশনের সঙ্গে তিন দশকের বেশি সময় ধরে জড়িত আছেন তিনি।

এমএবি/পিআর

